পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

৩৫ বছর পেরিয়ে সামনে পদক্ষেপ

স্মারক নং পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০২৩/১৬৬৯

তারিখঃ ২৮/০৩/২০২৩ খ্রিষ্টাব্দ

# অফিস সার্কুলার

## বিষয় ঃ স্নাতক বা সমমান পাশের সনদ জমাদানের প্রেক্ষিতে "কমিউনিটি ম্যানেজার-২" ক্যাটাগরির ২ জন কর্মীকে "কমিউনিটি ম্যানেজার-১" ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করণ এবং তাদের বেতন "কমিউনিটি ম্যানেজার-১" ক্যাটাগরির আলোকে নির্ধারণ প্রসঙ্গে।

স্মারক সূত্রঃ পদ/পক/এইচআর এন্ড এডমিন/২০২২/৩২২০, তারিখঃ ২৪/০৮/২০২২ খ্রিস্টাব্দে জারীকৃত 'অফিস সার্কুলার' এর অনুচ্ছেদ নং খ.১, খ.২, খ.৩ এবং উপ অনুচ্ছেদ নং খ.৪.৬ ও খ.৪.৯ তে বর্ণিত নির্দেশনা / শর্তাবলী প্রাসঙ্গিক।

ক. বর্ণিত বিষয় ও স্মারক সূত্রের আলোকে সংস্থার পুনর্গঠিত পে-স্কেল ২০২২-২৩ এর গ্রেড নং XII এর আওতায় "কমিউনিটি ম্যানেজার / সমমানের অন্যান্য" পদে কর্মরত কর্মীদেরকে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে নিম্নোক্ত দু'টি ক্যাটাগরিতে বিভক্ত করার পাশাপাশি তাদের বেতন কাঠামো আলাদাভাবে নির্ধারণ করা হয়েছে।

**ক.১ স্নাতক / স্নাতকোত্তর বা সমমান পাশ কর্মীদের "কমিউনিটি ম্যানেজার-১" ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করে অত্র পদের যোগদানকালীন বেতন ২২,০০০/- টাকা ও নিয়মিতকালীন বেতন ২৩,৮৮০/- টাকা নির্ধারণ এবং এর ফলে অত্র ক্যাটাগরির আওতায় কর্মরত সকল কর্মীদের জুন, ২০২২ মাস শেষে প্রাপ্ত মাসিক মোট বেতনের উপর ১৮.৯১% হারে বেতন সমন্বয় প্রদান করা হয়েছে।**

**ক.২ এইচ.এস.সি বা সমমান পাশ কর্মীদের "কমিউনিটি ম্যানেজার-২" ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করে অত্র পদের যোগদানকালীন বেতন ২০,০০০/- টাকা ও নিয়মিতকালীন বেতন ২১,৭০৯/- টাকা নির্ধারণ এবং এর ফলে অত্র ক্যাটাগরির আওতায় কর্মরত সকল কর্মীদের জুন, ২০২২ মাস শেষে প্রাপ্ত মাসিক মোট বেতনের উপর ৮.১০% হারে বেতন সমন্বয় প্রদান করা হয়েছে।**

খ. উপর্যুক্ত স্মারক সূত্রে বর্ণিত নির্দেশনা / শর্তানুযায়ী "কমিউনিটি ম্যানেজার-২/ ড্রাইভার/ ইলেকট্রিশিয়ান/ টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট/ সমমান অন্যান্য" পদে বর্তমানে কর্মরত কোন কর্মী / ভবিষ্যতে নতুন যোগদানকৃত কোন কর্মী যদি কর্মকালীন সময়ে স্নাতক বা সমমানের ডিগ্রী অর্জন করে থাকেন, তবে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা অর্জনের প্রমাণপত্র হিসেবে মূল নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত (তত্ত্বাবধায়ক কর্তৃক) অনুলিপি সংযুক্ত করতঃ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্বাহী পরিচালক বরাবর আবেদন প্রেরণ সাপেক্ষে মানব সম্পদ ও প্রশাসন বিভাগ থেকে তাকে **"কমিউনিটি ম্যানেজার-১"** এর বেতন ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করা হবে এবং তার আলোকে প্রযোজ্য আর্থিক সুবিধা প্রদেয় হবে।

**গ. এ প্রেক্ষিতে স্নাতক বা সমমান পাশের সনদ জমা দেয়ায় "কমিউনিটি ম্যানেজার-২" ক্যাটাগরির ২ জন (তালিকা সংযুক্ত) কর্মীকে "কমিউনিটি ম্যানেজার-১" ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করে তাদের বেতন "কমিউনিটি ম্যানেজার-১" ক্যাটাগরির আলোকে নির্ধারণ করা হয়েছে।**

ঘ. তালিকায় উল্লেখিত **২ জন** কর্মীর বর্ধিত বেতন কার্যকরের তারিখ অনুসারে প্রদান (প্রযোজ্য হলে Arrear সহ) করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া যাচ্ছে।

(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

সংযুক্তি ঃ "কমিউনিটি ম্যানেজার-১" ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত হওয়া ২ জন কর্মীর তালিকা।

অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)

১. পরিচালক, মাইক্রোফিন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. যুগ্ম পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, প্রধান কার্যালয়।
৩. সিনিয়র সহকারী পরিচালক ও সার্বিক তত্ত্বাবধায়ক, আই.সি.টি বিভাগ, প্রধান কার্যালয় **(সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৪. সংশ্লিষ্ট সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার / সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার / ব্রাঞ্চ ম্যানেজার **{ই-মেইল থেকে হার্ডকপি প্রিন্ট দিয়ে সংশ্লিষ্ট কর্মীদের ছায়ানথিতে সংরক্ষণ করার পাশাপাশি অনুমোদন অনুযায়ী বর্ধিত বেতন (প্রযোজ্য হলে Arrear সহ) প্রদান নিশ্চিত করবেন}**।
৫. সংশ্লিষ্ট কর্মীদের ব্যক্তিগত নথি।
৬. অফিস কপি।

সংযুক্তি - ১

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র

মানব সম্পদ ও প্রশাসন বিভাগ

# স্নাতক বা সমমান পাশের সনদ জমাদানের প্রেক্ষিতে "কমিউনিটি ম্যানেজার-২" ক্যাটাগরিভুক্ত নিম্নোক্ত কর্মীদের "কমিউনিটি ম্যানেজার-১" ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করণ এবং তাদের বেতন "কমিউনিটি ম্যানেজার-১" ক্যাটাগরির আলোকে নির্ধারণ

তারিখ: ২৮/০৩/২০২৩ খ্রিস্টাব্দ

| ক্র ম. নং | কর্মী পরিচিতি নং | কর্মীর নাম | বর্তমান কর্মস্থল | সংস্থায় যোগদানের তারিখ | জুন, ২২ মাস শেষে মাসিক মোট বেতন | Grade/ Level | বিগত বার্ষিক ইনক্রিমেন্ট / চাকুরি নিয়মিত হবার তারিখ | চলতি ২০২২-২৩ অর্থবছরে সিএম-২ হিসেবে ৮.১০% হারে বেতন সমন্বয় / প্রযোজ্য ক্ষেত্রে চাকুরি নিয়মিতকরণ পরবর্তী অবস্থা | | | | চলতি ২০২২-২৩ অর্থবছরে নির্ধারিত KPI / সূচকের আলোকে পারফরমেন্স মূল্যায়নের ভিত্তিতে সিএম-২ হিসেবে বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী অবস্থা | | | | চলতি ২০২২-২৩ অর্থবছরে কমিউনিটি ম্যানেজার-১ হিসেবে ১৮.৯১% হারে বেতন সমন্বয় পরবর্তী // ক্ষেত্র বিশেষে অত্র বেতন সমন্বয় পরবর্তী বেতনের সঙ্গে KPI এর আলোকে প্রাপ্ত ইনক্রিমেন্টসহ পরিবর্তিত অবস্থা | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | শিক্ষাগত যোগ্যতা | বেতন | Grade / Level | কার্যকরের তারিখ | ইনক্রিমেন্টের হার | বেতন | Grade / Level | কার্যকরের তারিখ | শিক্ষাগত যোগ্যতা | সনদ প্রাপ্তির তারিখ | বেতন | Grade/ Level | বৃদ্ধির পরিমাণ | কার্যকরের তারিখ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ (৬*৮.১০%+৬) | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ (৬*১৮.৯১%+৬*১৩) | ২০ | ২১= ১৯-১০ / ১৯-১৪ | ২২ | ২৩ |
| **ব্রাহ্মণবাড়ীয়া জোন (১ জন)** | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১ | ০১৬৩০০১১২১ | জবা মন্ডল | রূপসদী ব্রাঞ্চ, বাঞ্ছারামপুর এরিয়া | ২১/১১/২১ | ২০,০৮২ | XII/L-1 | ০১/০৬/২২ | এইচ.এস.সি | ২১,৭০৯ | XII/L-1 | ০১/০৭/২২ | - | - | - | - | বি.এস.এস (সম্মান) | ১৪/০৩/২৩ | ২৩,৮৮০ | XII/L-1 | ২,১৭১ | ০১/০৪/২৩ | সিএম-১ পদের নিয়মিত সময়কার বেতনের আলোকে বেতন নির্ধারণ করা হয়েছে। এরপর KPI এর আলোকে নির্ধারিত ইনক্রিমেন্ট, ইনিক্রিমেন্ট প্রযোজ্য তারিখে প্রাপ্য হবে। |
| **ভোলা জোন (১ জন)** | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | ০১৫৬১০১১২০ | মোঃ কাইয়ুম | দুলারহাট ব্রাঞ্চ, চরফ্যাশন এরিয়া | ১১/১১/২০ | ২১,০৮৬ | XII/L-2 | ০১/০৫/২২ | এইচ.এস.সি | ২২,৭৯৪ | XII/L-2 | ০১/০৭/২২ | - | - | - | - | বি.এ (সম্মান) | ০৫/০৩/২৩ | ২৫,০৭৩ | XII/L-1 | ২,২৭৯ | ০১/০৪/২৩ | সিএম-১ পদের আলোকে প্রযোজ্য বেতন সমন্বয় প্রদান পূর্বক বেতন নির্ধারণ করা হয়েছে। এরপর KPI এর আলোকে নির্ধারিত ইনক্রিমেন্ট, ইনিক্রিমেন্ট প্রযোজ্য তারিখে প্রাপ্য হবে। |

নোটঃ আলোচ্য কর্মীদের স্নাতক বা সমমান পাশের সনদ প্রাপ্তির তারিখ পরবর্তী মাস থেকে তাদেরকে সিএম-১ ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত এবং সিএম-১ ক্যাটাগরির আলোকে বেতন নির্ধারণ করা হয়েছে।

Md. Saleh Bin Sums
Executive Director
Padakhep Manabik Unnayan Kendra